প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

# ১০৪ প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের খবর ভুয়া




*ফাইল ছবি*

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০১ ফেব্রুয়ারি ২০২৬ | ১৯:৩৯

দেশের বিভিন্ন জেলায় ১০৪টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের অনুমোদন দেওয়া হয়েছে–এমন দাবি করে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া চিঠিটি সঠিক নয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, প্রধান উপদেষ্টার কার্যালয়ের নামে প্রচারিত ওই চিঠিটি ভুয়া ও বিভ্রান্তিকর।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যালয়-১ অধিশাখার সচিব রাজীব কুমার সরকারের সই করা এক স্মারকে জানানো হয়, সম্প্রতি প্রধান উপদেষ্টার কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ রফিকুল আলমের সই করা

০৩.০৬.২৬৯০.০৬৮.২৫.০০৩.২৬-৫৬ নম্বরের একটি পত্র সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছ। এতে দেশের বিভিন্ন উপজেলা পর্যায়ে অবস্থিত ১০৪টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের অনুমোদনের কথা উল্লেখ করা হয়েছে। তবে বিষয়টি প্রধান উপদেষ্টার কার্যালয়ের দৃষ্টিগোচর হলে ওই কার্যালয় থেকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে জানানো হয়, প্রচারিত পত্রটি সঠিক নয়। একইসাথে মাঠপর্যায়ের সব দপ্তর ও সংস্থাকেও বিষয়টি জানাতে বলা হয়েছে।

উল্লেখ্য, সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ওই চিঠিতে কুড়িগ্রাম, চাঁপাইনবাবগঞ্জ, নেত্রকোনা, বগুড়া, নীলফামারী, শেরপুর, লালমনিরহাট, নওগাঁ ও জামালপুরসহ বিভিন্ন জেলার ১০৪টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম উল্লেখ করা হয়েছিল। তবে সরকারিভাবে এ তালিকা বা অনুমোদনের কোনো সত্যতা নেই।